

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
 সুরক্ষা সেবা বিভাগ
 স্বরাষ্ট্র মন্ত্রণালয়
 প্রধান কার্যালয়
 ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
 Website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ এবং ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের
 প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদকরণ এবং আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশুতি তদারকির
 মাধ্যমে হালনাগাদকরণ ওয় সভার কার্যবিবরণী:**

সভাপতি	:	মুহাম্মদ মনিরুল ইসলাম পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
তারিখ ও সময়	:	২২ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি; সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)
উপস্থিতি	:	পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ এবং ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদকরণ এবং এর আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সমষ্টিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণের নিমিত্ত সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সে লক্ষ্যে ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের এবং এর আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ এবং কার্যকরভাবে বাস্তবায়ন করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতির নাগরিক সেবার ৫৬ং কলাম (সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি)-এ পুরাতন অর্থনেতিক কোড ‘১-৭৩৭৩-০০০০-১০০১’ এর স্থলে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা/IBAS++ মোতাবেক নতুন অর্থনেতিক কোড ‘১৬১০৪০১-১১৪২১০১’ প্রতিস্থাপন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ প্রোগ্রামার
২.২	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতির নাগরিক সেবার ২.১ এর ক্রমিক ৩২ এর ৪৮ং কলামে প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান অংশে ‘মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১২ ধারা মোতাবেক পুলিশ প্রতিবেদন’ এর স্থলে ‘মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা মোতাবেক পুলিশ প্রতিবেদন’ প্রতিস্থাপন করতে হবে।	
২.৩	চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর ও খুলনা বিভাগীয় কার্যালয়ের সিটিজেন চার্টারে স্ব স্ব বিভাগের আওতাধীন জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়সমূহের সিটিজেন চার্টার লিংক করে সংযোজন করতে হবে।	
২.৪	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশুতি সেবা বক্সে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফরমেট অনুসরণপূর্বক সকল বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে আগামী ১০ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত স্বাক্ষরিত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রমাণক হিসেবে স্বাক্ষরিত সিটিজেন চার্টার, ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফ্রিনস্টসহ ফরওয়ার্ডিং এর মাধ্যমে আগামী ১৪ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে (শুধুমাত্র বিভাগীয় কার্যালয়ের সিটিজেন চার্টার)।	অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১২/২০২৪
(মুহাম্মদ মানিয়ুল ইসলাম)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

নথি নং- ৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-৬২৪

১৪ ফাল্গুন, ১৪৩০
তারিখ : -----

২৭ ফেব্রুয়ারি, ২০২৪.

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোতিতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দ্রঃ আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরিকল্পক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরিকল্পকাগার, গেড়ারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/খুলনা/
বরিশাল/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,
প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সহকারী পরিচালক (অপারেশনস/প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা/কর্মন সার্ভিস/প্রশাসন-২/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ
ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।

১৪
২৭/০২/২০২৪
(দীপজয় থাস)
সহকারী পরিচালক (প্রশাসন)